Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/পরি./২০২৬/৬৭০.১

তারিখ: ১৩/০৭/২০২৬ ইং

প্রতি,
সকল শাখা, এরিয়া, জোন এবং ডিভিশন সমুহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয় ঃ মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি কর্তৃক জারিকৃত এমআরএ সার্কুলার লেটার নং-৮৫ বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,
শুভেচ্ছা নিবেন।

দেশের সাম্প্রতিক বন্যার বিষয়ে আপনারা সবাই অবগত আছেন। অন্যান্য দুর্যোগের ন্যায় এবারও বন্যার্তদের পাশে দাড়ানোর জন্য এমআরএ থেকে নির্দেশনা দিয়ে সার্কুলার প্রদান করেছে (সার্কুলার লেটার নং-৮৫ সংযুক্ত)। রিক সবসময়ই দুর্যোগে ক্ষতিগ্রস্থদের পাশে দাড়িয়েছে। অতএব এমআরএ সার্কুলার নং-৮৫ অনুসারে বন্যায় ক্ষহিগ্রস্থদের জন্য নির্দেশনা যথাযথ ভাবে পরিপালন ও বাস্তবায়নের জন্য আপনাদেরকে বলা হল। এমআরএ সার্কুলার লেটার নং-৮৫ যথাযথ ভাবে বাস্তবায়নের পাশাপাশি ক্ষতিগ্রস্থ সদস্যদের পাশে থেকে তাদেরকে মানসিক শক্তি যোগাবেন এবং প্রয়োজনীয় সহায়তা করবেন। ক্ষতিগ্রস্থ সদস্যদের সহায়তা প্রদানের জন্য জেলা ও উপজেলা প্রশাসনকে অবহতিকরন সহ প্রয়োজ্য ক্ষেত্রে অনুমতি গ্রহন করতে হবে। প্রকৃত ক্ষতিগ্রস্থ মানুষ যাতে সহায়তা পায় সে জন্য উপজেলা প্রশাসন, স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকায় কর্মরত এনজিও প্রতিনিধিদের সাথে সুসমন্বয়ের মাধ্যমে কাজ করার পরামর্শ প্রদান করা হল।

বন্যা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট সুপারভাইজারকে সর্বদা হালনাগাদ তথ্য দিতে এবং এমআরএ ও কেন্দ্রীয় কার্যালয়ের যে কোন সিদ্ধান্ত মাঠ পর্যায়ে বাস্তবায়নে সার্বক্ষনিক সচেষ্ঠ থাকতে অনুরোধ করা হল। এ সম্পর্কিত যে কোন অস্পষ্টতা থাকলে কেন্দ্রীয় অপারেশন টীমের জনাব এস এ হালিম (ডিজিএম) ও মাহমুদ কবির (ডিজিএম)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সংস্থা আপনাদের আন্তরিক কর্মতৎপরতা প্রত্যাশা করে।

ধন্যবাদান্তে,

আফরোজা লায়লা
পরিচালক, রিক

অনুলিপিঃ
১. নির্বাহী পরিচালক, রিক;
২. উপ ও সহকারী পরিচালক এবং বিভাগীয় প্রধান (সকল);
৩. কেন্দ্রীয় অপারেশন টীম;
৪. অফিস কপি।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
এমআরএ ভবন
প্লট নং এফ-১৪-ভি/১, আগারগাঁও
শেরে বাংলা নগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

এমআরএ/সার্কুলার লেটার নং-৮৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)

বিষয়: সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ, দুর্যোগকালীন ঋণ প্রদান ও অন্যান্য সহায়তাকরণ।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, সাম্প্রতিক সময়ের অতিবৃষ্টিজনিত কারণে চট্টগ্রাম বিভাগের ৫টি জেলায় (চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) ভয়াবহ বন্যা দেখা দিয়েছে এবং এসব অঞ্চলের ক্ষতিগ্রস্ত অসহায় মানুষজন সীমাহীন দুর্ভোগে দিনাতিপাত করছে। তদপ্রেক্ষিতে সদাশয় সরকার বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিয়ে কার্যকর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানগুলো এ জাতীয় দুর্যোগ মোকাবেলায় ত্রাণ বিতরণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন কার্যকরী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বরাবরই সরকারের সহায়ক হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে থাকে।

২। এ প্রেক্ষিতে আপনাদেরকে বর্ণিত জেলাসমূহসহ বন্যায় ক্ষতিগ্রস্ত অন্যান্য এলাকায় নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

(ক) বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয়পূর্বক অসহায় মানুষের মাঝে ক্ষুদ্রঋণের উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি, ঔষধসহ ত্রাণ সামগ্রী বিতরণ ও বন্যা পরবর্তী পুনর্বাসন কাজে প্রয়োজনীয় সহায়তা অব্যাহত রাখা;

(খ) ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের কিস্তি আদায় আগামী ৩ (তিন) মাস স্থগিতকরণ;

(গ) প্রয়োজনে দুর্যোগকালীন ঋণ প্রদান;

(ঘ) চাহিদা অনুযায়ী গ্রাহকের সঞ্চয় দ্রুততম সময়ের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থাকরণ;

(ঙ) উল্লিখিত দফা (ক) এ বর্ণিত ব্যয়ের কার্যোত্তর অনুমোদন গ্রহণের জন্য (ব্যয় বিষয়ে স্থানীয় প্রশাসনের প্রত্যয়ন ও সংশ্লিষ্ট অন্যান্য প্রমাণকসহ) অর্থ ব্যয়ের এক মাসের মধ্যে অথরিটিতে আবেদন দাখিলকরণ।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ আব্দুল মান্নান)
পরিচালক
লাইসেন্স, রেগুলেশন, পলিসি এন্ড ল বিভাগ
ফোন : ০২২২৩৩৭৪৮৭০
ইমেইল: abdul.mannan@mra.gov.bd

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

নম্বর-৫৩.০৪.০০০০.০০০.০২১.২২.০০৩.২৬-১২৭৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ;
২. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা;
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা;
৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৫. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
৬. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা;
৭. গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. পিএস টু এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, এমআরএ (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২. অফিস কপি।

(মোঃ ফরিদুল হক)
যুগ্ম-পরিচালক